

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৯৭

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮) ওযুর প্রতি যত্নশীল হওয়া ও নতুনভাবে ওযু করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في المحافظة على الوضوء وتجديده

আরবী

(صحيح لغيره) عَنْ ثَوْبَانَ قَالَ قَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْتَقِيمُوا وَلَنْ تُحْصُوا وَاعْلَمُوا أَنَّ خَيْرَ أَعْمَالِكُمْ الصَّلَاةَ وَلَا يُحَافِظُ عَلَى الْوُضُوءِ إِلّا مُؤْمِنٌ . رواه ابن ماجه بإسناد صحيح والحاكم

বাংলা

১৯৭. (সহীহ লি গাইরিহী) ছাওবান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "তোমরা সত্য ও সঠিক পথের উপর অটল ও অবিচল থাক। আমলের ছোয়াব গণনা করে রেখো না। জেনে রেখো তোমাদের সর্বোত্তম আমল হল, সালাত। আর মুমিন ব্যাক্তি ছাড়া কেউ ওযুর প্রতি যতুশীল হয় না।"

(ইবনু মাজাহ্ সহীহ সনদে ২৭৭ এবং হাকেম ১/১৩০ হাদীছটি বর্ণনা করেছেন)

সহীহ ইবনু হিব্বানের বর্ণনায় হাদীসের প্রথমাংশে উল্লেখিত হয়েছেঃ

سددوا وقاربوا واعلموا أن خير أعمالكم الصلاة

"তোমরা সঠিক পথ অনুসন্ধান করে তদানুযায়ী আমল কর এবং তার নিকটবর্তী থাকার চেষ্টা কর। বাড়াবাড়ী ও শিথীলতা পরিহার কর। আর জেনে রেখো তোমাদের সর্বোত্তম আমল হল সালাত....।"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন